গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ডিসেম্বর/২০২১ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ০৯/১২/২০২১, সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান হাবিব, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ । |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/ সংশোধনী না থাকায় নভেম্বর/২০২১ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)**: নভেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হবার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি)**: উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ২০২১-২০২২ইং অর্থ বছরে এডিপি (থোক বরাদ্দ) বাবদ ১ম কিস্তি ২৩.১৫+২য় কিস্তি ২৩.১৫=৪৬.৩০ (ছেচল্লিশ লক্ষ ত্রিশ হাজার টাকা) বরাদ্দ পাওয়া গিয়াছে এবং উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিলে ৫,৭৭,০৬,৩৩৩.২০(পাঁচ কোটি সাতাত্তর লক্ষ ছয় হাজার তিনশত তেত্রিশ টাকা বিশ পয়সা) মাত্র জমা রয়েছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাত উপজেলা রাজস্ব উদ্বৃত্ত খাত হতে ২০২১-২০২২ইং অর্থ বছর প্রকল্প জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্টগণকে দাখিল করার জন্য অনুরোধ করেন এবং উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভার মাধ্যমে প্রকল্প বাছাই করে উপজেলা সমন্বয় সভায় অনুমোদন নেয়ার জন্য তাগাদা প্রদান করেন। উপজেলা প্রকৌশলী জানান যে, প্রকল্প প্রাপ্তির দীর্ঘ সূত্রিতার কারণে প্রকল্প বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হলে প্রকৌশল অফিস দায়ভার নিতে অপারগ।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপরে বিস্তারিত আলোচনা হয় এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাত উপজেলা রাজস্ব উদ্বৃত্ত খাত হতে ২০২১-২০২২ স্কীম তালিকা সকল জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্টদের নিকট হতে প্রকল্প আহবান করে প্রকল্প বাছাই কমিটির আহবায়ক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয় পত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়। ইউনিয়ন পরিষদ নির্বাচন তফসিল ঘোষনার জন্য মাননীয় উপদেষ্টা মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ইউনিয়ন নির্বাচনের পরবর্তীতে প্রকল্প গ্রহন এবং প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে প্রকল্প বাছাই কাজ সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের আওতায় প্রকল্প প্রস্তাব পাওয়া গিয়াছে। প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে উক্ত প্রকল্প বাছাই করার জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত-২: সভায় এ ব্যাপরে বিস্তারিত আলোচনা হয় এবং ইউজিডিপি প্রকল্পের আওতায় প্রাপ্ত স্কীম সমূহ বাছাই কমিটির মাধ্যমে প্রকল্প বাছাই কাজ সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের অফিস কক্ষে বৈদুতিক কাজ, ৪টি এলইডি টিউবলাইট, ও একটি দেয়াল ঘড়ি এবং বাথরুমের একটি ওয়াটারগান সেট (পাইপসহ) বাবদ=৫,২০০/- টাকা খরচ হয়েছে। উক্ত ব্যয় পরিষদের "উপজেলা বাসাবাড়ী অফিস মেরামত সংরক্ষণ" খাত হতে ব্যয় করার জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-৩: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং উক্ত ব্যয় উপজলা "উপজেলা বাসাবাড়ী অফিস মেরামত সংরক্ষণ" খাত হতে ব্যয় নির্বাহের জন্য জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৪: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ৩য় তলার রুম নং-৩০৮ নং এ ২টি টিউবলাইট সেট, একটি এলইডি বাল্ব, ৩০৭নং কক্ষের বাথ রুমে একটি এডজাষ্ট ফ্যান নতুন স্থাপন বাবদ =৪,০০০/- টাকা খরচ হয়েছে। উক্ত ব্যয় পরিষদের "উপজেলা বাসাবাড়ী অফিস মেরামত সংরক্ষণ" খাত হতে ব্যয় করার জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-৪: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং উক্ত ব্যয় উপজলা "উপজেলা বাসাবাড়ী অফিস মেরামত সংরক্ষণ" খাত হতে ব্যয় নির্বাহের জন্য জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৫: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসার সারফেজ ড্রেন, দোলনা, ঘাটের টাইলস্, স্থাপনের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় অনুরোধ করেন। তিনি এ ব্যাপারে সভায় জানান যে উক্ত কাজগুলো পরিষদের "জরুরী রক্ষণাবেক্ষণ" খাত হতে বাস্তবায়ন করা যাবে বলে সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-৫: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা প্রকৌশলী, সরেজমিনে পরিদর্শন করতঃ উক্ত কাজের প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৬: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের কনফারেন্স রুম ও অডিটরিয়ামে এমপ্লিফায়ারের বৈদ্যুতিক কাজ, ২টি এলইডি বাল্ব, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের পানির ট্যাংকি পরিষ্কার করণ ও স্থাপন বাবদ =(২৫৫০+৬৫০০)=৯,০৫০/- টাকা খরচ হয়েছে। উক্ত ব্যয় উপজেলা পরিষদের "উপজেলা বাসাবাড়ী অফিস মেরামত সংরক্ষণ" খাত হতে ব্যয় করার জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-৬: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদের "উপজেলা বাসাবাড়ী অফিস মেরামত সংরক্ষণ" খাত হতে ব্যয় নির্বাহের জন্য জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৭: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে নবনির্মিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালের অতিরিক্ত সৌন্দর্য বর্ধন যেমন ম্যুরালের সামনে একটি বেদী নির্মাণ, ম্যুরালের চতুর্দিকে নিরাপত্তার জন্য গ্রিল নির্মাণ, বেদীতে উঠার জন্য সিঁড়ি নির্মাণ, বেদী এবং ম্যুরালের সুদৃশ্য লাইটিং ব্যবস্থা রাখার জন্য গত ডিসেম্বর/২০২০ মাসের কার্যবিবরণীতে উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতের নির্দেশনা দিয়ে সিদ্ধান্ত-২ পাশ হয়। উপজেলা প্রকৌশলী ২,৪৭,৬৬৩/-( দুই লক্ষ সাতচল্লিশ হাজার ছয়শত তেষট্টি) টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। উক্ত প্রাক্কলিত মূল্যের প্রাক্কলন=২,৪৭,৬৬৩/-( দুই লক্ষ সাতচল্লিশ হাজার ছয়শত তেষট্টি) অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন

সিদ্ধান্ত-৭: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে নবনির্মিত জাতির জনক বঙ্গবন্ধু শেখমুজিবুর রহমান এর ম্যুরালের সৌন্দর্য বর্ধনের স্বার্থে প্রাক্কলিত মূল্যের প্রাক্কলন=২,৪৭,৬৬৩/-( দুই লক্ষ সাতচল্লিশ হাজার ছয়শত তেষট্টি) অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৮: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের মালিকাধীন উপজেলা প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম ভবন দীর্ঘদিন রক্ষণাবেক্ষণের অভাবে জড়াজীর্ন হয়ে পড়েছে এবং এ সকল ভবন সমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ না করলে নিকট ভবিষ্যতে বড়ধরনের মেরামত বা পূনঃনির্মাণের প্রয়োজন হবে। সেক্ষেত্রে বিপুল অর্থের প্রয়োজন হবে বিধায় ভবনগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণ অতিব জরুরী। তাছাড়া উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও উপজেলা অডিটরিয়াম ভবন হাইওয়ে ও রেললাইনের রাস্তার পার্শ্বে অবস্থিত। বাহির হতে ভবনসমূহ জরাজীর্ন দেখার কারণে উপজেলা প্রশাসনের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। তাছাড়াও উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও উপজেলা অডিটরিয়াম ভবন মেরামতসহ দৃষ্টি নন্দন করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শ রয়েছে। উক্ত ভবন সমূহ মেরামত করণ বাবদ সম্ভাব্য ১৯,৯৫,০০০/- টাকা ব্যয় হবে। প্রাক্কলিত মূল্য=১৯,৯৫,০০০/- টাকা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেরণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত-৮: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং সভায় এ সিদ্ধান্তে উপনীত হন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখায় ১৯,৯৫,০০০/- টাকার প্রাক্কলন প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৯: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পূর্বপার্শ্বের ডোবার পাড় ঝোপ ঝাড়ে ভরে যাওয়ায় উক্ত ঝোপ ঝাড়সমূহ পরিষ্কার করার প্রয়োজনীয়তা দেখা দেয়ায় দৈনিক লেবার দ্বারা তা পরিষ্কার করা হয়। এতে ৩,০০০/- (তিন হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব ব্যবহার নির্দেশিকার "বর্জ ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা" খাত হতে নির্বাহের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করা হয়।

সিদ্ধান্ত-৯: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পূর্বপার্শ্বের ডোবার পাড়ের ঝোপ ঝাড় পরিস্কার পরিচ্ছন্ন কাজে ব্যয়িত ৩,০০০/- (তিন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের "বর্জ ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা" খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-১০: চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বিভিন্ন দিবস উদযাপন/সরাসরি সম্প্রচার অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য উপজেলা পরিষদে কোন টেলিভিশন না থাকায় প্রায়শই বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। তাই উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষে টেলিভিশন ১টি ৪৩ ইঞ্চি এলইডি স্মার্ট টেলিভিশন স্থাপন করা প্রয়োজন। উপস্থিত সদস্যগণও এ বিষয়ে একমত পোষন করেন এবং এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব ব্যবহার নির্দেশিকার "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে নির্বাহের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করা হয়।

সিদ্ধান্ত-১০: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। সরকারি বিভিন্ন দিবস উদযাপন/সরাসরি সম্প্রচার অনুষ্ঠানে ব্যবহারের জন্য ৬৬,৫০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সংক্ষিপ্ত কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে ১টি ৪৩ ইঞ্চি এলইডি স্মার্ট টেলিভিশন ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

প্রস্তাব-১১: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত বিভিন্ন রেজিষ্টার অনেক পুরোনো হয়ে যাওয়ায় তা ব্যবহার অনুপযোগী হওয়ায় সেগুলো পুনরায় বাধাই করা এবং কিছু নতুন রেজিষ্টার ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার "প্রকাশনা" খাত হতে নির্বাহের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করা হয়।

সিদ্ধান্ত-১১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত পুরাতন বিভিন্ন রেজিষ্টার বাধাই ও নতুন রেজিষ্টার উপজেলা রাজস্ব তহবিলের "প্রকাশনা" খাত হতে ব্যয় নির্বাহ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার দক্ষিণ সুরমা, সিলেট

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, ১) আগামী ১৮-২৩ ডিসেম্বর, ২০২১ খ্রি: পর্যন্ত সারা দেশের ন্যায় দক্ষিণ সুরমা উপজেলায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ পালন করা হবে। এবারের সেবা সপ্তাহের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে ''পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহণ করি, বাল্য বিয়ে ও অনাকাঙ্খিত গর্ভধারণ না করি''। উক্ত সেবা সপ্তাহে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের অগ্রগতি বৃদ্ধির লক্ষে বিশেষ কর্মসূচি গ্রহণ করা হবে। যেমন- ক) বাড়ি পরিদর্শনের মাধ্যমে সেবা ও পরামর্শ খ) বিশেষ উঠান বৈঠক গ) গর্ভবতী মা সমাবেশ, সেবা, পরামর্শ ঘ) কিশোর-কিশোরী সমাবেশ ঙ) স্থায় ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প আয়োজনের মাধ্যমে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতির সেবা প্রদান চ) বিশেষ স্যাটেলাইট ক্লিনিক কার্যক্রম ছ) নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা জ) মা ও শিশু স্বাস্থ্য সেবা।

২) পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফল করার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে পত্র জারি করে স্বাস্থ্য বিভাগকে অনুরোধ করা হয়েছে। কাজেই উক্ত পত্রের আলোকে আসন্ন পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফল করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

৩) পরিবার পরিকল্পনা সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা সংক্রান্ত পরামর্শ প্রদানের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক 'সুখী পরিবার কল সেন্টার' নামে একটি হেল্প ডেস্ক চালু করা হয়েছে। কল সেন্টারের নম্বরটি হলো ১৬৭৬৭ । উক্ত নম্বরে যোগাযোগ করলে পরিবার পরিকল্প, মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক পরামর্শ পাওয়া যাবে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি ।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । তিনি জানান যে, প্রতিবন্ধীদের কোন ভাতা বকেয়া নেই। তাছাড়া, সেবা প্রত্যাশী প্রতিবন্ধীদেরকে দ্রুত সেবা প্রদানের বিষয়ে তাঁর দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি ।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি ।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপ-সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০৪.০০০.০০০০.৭২৪.১৪.০০২.২০.০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যুর নিবন্ধন সংক্রান্ত লক্ষমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণ / প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যুর নিবন্ধন সংক্রান্ত লক্ষমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ/প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : ইউপি চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), দক্ষিণ সুরমা, সিলেট

**(খ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত সংক্রান্ত** : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় বলেন যে, উপজেলা পরিষদের ফটোকপি মেশিনের কালির টোনার, সিসি ক্যামেরার মনিটরের এডাপটর ক্যাবলসহ, মাল্টিপ্লাগ ও ইউপিএস ক্রয় বাবদ (৩৮৩৫+৫০০+৬০০+২৭৪০)=৭,৬৭৫/-(সাত হাজার ছয়শত পঁচাত্তর) টাকা ব্যয় হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে উক্ত ব্যয় নির্বাহের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**উপদেষ্টা মহোদয়ের সমাপনী বক্তব্য** : জনাব হাবিবুর রহমান হাবিব, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে সালাম ও আদাব জানান। তিনি বিদায়ী চেয়ারম্যানদেরকে ধন্যবাদ জানান ও নব নির্বাচিত চেয়ারম্যানগণকে স্বাগত জানান। তিনি বলেন নির্বাচন সুষ্ঠ, নিরপেক্ষ ও শান্তি পূর্ণ ভাবে সম্পন্ন হয়েছে। সুন্দর নির্বাচনের জন্য দক্ষিণ সুরমা সারা বাংলাদেশে প্রশংসিত হয়েছে। তিনি বলেন দক্ষিণ সুরমায় পাঁচ তলা বিশিষ্ট যুব উন্নয়ন ভবন হবে। উপদেষ্টা মহোদয় আরও জানান যে, দক্ষিণ সুরমায় একটি পূর্ণাঙ্গ স্টেডিয়াম হবে। তিনি বলেন দুইটি কমিউনিটি ক্লিনিকে ব্যক্তিগত খরচে এসি সংযোগ দিয়ে টিকা দেয়ার উপযুক্ত করে দিবেন। তাছাড়া সভাকক্ষে দুইটি এসি স্থাপন করে সভাকক্ষকে টিকাসহ অন্যান্য কার্যক্রমের উপযোগী করার উদ্যোগ গ্রহণ করতে হবে। দক্ষতার সাথে টিকা প্রদান কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন সকলে মিলে নান্দনিক দক্ষিণ সুরমা গড়ে তুলতে হবে। শিক্ষা ক্ষেত্রে সিলেটকে অগ্রসর করার জন্য কাজ করতে হবে। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে উপজেলাকে আরও গতিশীল করতে হবে। তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সুস্থতার জন্য দোয়া কামনা করেন।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য** : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি বলেন নতুন ও পুরাতন জনপ্রতিনিধিদের নিয়ে আজকের সভা একটি ব্যতিক্রমী সভা। তিনি বলেন সমাজের উন্নয়নে পুরাতন চেয়ারম্যানদের পরবর্তীতেও দায়িত্ববান থাকতে হবে। তিনি বলেন উপজেলা নির্বাহী অফিসার মহোদয় অত্যন্ত দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে সকল কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। তিনি আরও বলেন আমাদের মাননীয় সংসদ সদস্য মহোদয় খুবই এনার্জেটিক। উপজেলাকে বেগবান করার জন্য তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন। বর্ষা মৌসুমের আগেই এডিপি, রাজস্ব উদ্বৃত্ত ও ইউজিডিপি খাত হতে দ্রুত প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। প্রাণিসম্পদ অফিসের সরু রাস্তা বর্ধিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। ফাইজারের ভ্যাকসিন কার্যক্রম বাস্তবায়নের জন্য দ্রুত এসি সংযোগের জন্য তিনি বলেন। তিনি বলেন ইউজিডিপি প্রজেক্ট হতে কর্মদক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শেষে সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আবু জাহিদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

তারিখঃ ০৯ ডিসেম্বর, ২০২১

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২১.১০৯৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ট্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ......................................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ............................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা .......................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান/প্রশাসক ..................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম................................. সদস্য............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

( স্নিগ্ধা তালুকদার )
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
| --- | --- |
| ১।মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩ | ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ২। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ৩। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৪। চেয়ারম্যানের প্রতিনিধি, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ৪। প্রশাসক, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৫। ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৭। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৮। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,দক্ষিণ সুরমা, সিলেট | ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা , দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৫। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৮। উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট | |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৪। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, দক্ষিণ সুরমা, সিলেট | |

# " দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি "

**মাস ঃ ডিসেম্বর, ২০২১ সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা তারিখ ঃ ০৯/১২/২০২১।**

| ক্রঃ নং | উপস্থিত জনপ্রতিনিধি ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩। | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৩ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | 09.12.21 |
| ০৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা,সিলেট। | (A) |
| ০৫ | চেয়ারম্যান, ১ নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | 09-12-2021 |
| ০৭ | চেয়ারম্যান, ৫ নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | 09-12-2021 |
| ০৮ | চেয়ারম্যান, ৬ নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ০৯ | চেয়ারম্যান, ৭ নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ১০ | চেয়ারম্যান, ৮ নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১১ | চেয়ারম্যান, ৯ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | 09/12/2022 |
| ১২ | প্রশাসক, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| | | |
| | | |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তা ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] 9/12/2021 |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | Dr. Feroza Begum 09.12.2021 ULO South Surma Upazilla Livestock office. |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] Hasan 09.12.2021 FO. NATP-2 |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] 09-12-2021 |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] 2021 |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] 09.12.21 |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১৭ | [illegible] | [illegible] |
| ১৮. | [illegible] | |